৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার লেটার নং- ০২/২০২৩

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪৩০
২০ জুন, ২০২৩

**ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তফসিলি ব্যাংকের শাখাসমূহে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা সংক্রান্ত নোটিশ স্থাপন প্রসঙ্গে।**

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং- ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রের পরিশিষ্ট-'ক' এর ১ নং অনুচ্ছেদে ব্যাংকের প্রত্যেক শাখায় জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে "ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়" মর্মে নোটিশ স্থাপন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু, এ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে পরিচালিত আকস্মিক পরিদর্শন এবং গ্রাহকদের অভিযোগের ভিত্তিতে তফসিলি ব্যাংকের অধিকাংশ শাখা এতদ্‌সংক্রান্ত নোটিশ স্থাপন না করাসহ উক্ত পরিপত্রের অন্যান্য নির্দেশনা পরিপালন করছে না মর্মে পরিলক্ষিত হয়েছে। ফলশ্রুতিতে, জনসাধারণ তফসিলি ব্যাংকের শাখাসমূহ হতে ছেঁড়া-ফাটা ও ময়লা নোট বিনিময় সংক্রান্ত সুবিধা হতে বঞ্চিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, আপনাদেরকে এ বিভাগ কর্তৃক ১৪/০১/২০১৩ তারিখে ইস্যুকৃত পরিপত্র নং- ইহিশাঃ ২৩(পলিসি)/ ২০১৩-১৫ এর পরিশিষ্ট-'ক' এর ১ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ব্যাংকের প্রত্যেক শাখায় **আবশ্যিকভাবে** কাউন্টারের সামনে বা জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে "ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়" মর্মে ২০ ফন্টে রঙ্গিন কালিতে লিখিত নোটিশ অবিলম্বে স্থাপন করাসহ পরিপত্রে বর্ণিত বিধিবিধান যথাযথভাবে পরিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ মোকসুদুজ্জামান)
পরিচালক (ডিসিএম)
ফোনঃ ৯৫৩০০৯০।